

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৪০) ঈমান শব্দটি এককভাবে উল্লেখিত হলে তা দ্বারা পূর্ণ দ্বীন উদ্দেশ্য- এর পক্ষে কোন দলীল আছে কি?

এ ব্যাপারে অনেক দলীল রয়েছে। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

آمُرُكُمْ بِالإِيمَانِ بِاللَّهِ وَحْدَهُ قَالَ: أَتَدْرُونَ مَا الإِيمَانُ بِاللَّهِ وَحْدَهُ قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: شَهَادَةُ أَنْ لاَ إِلهَ إِللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: شَهَادَةُ أَنْ لاَ إِلهَ إِللَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَإِقَامُ الصَّلاَةِ وَإِيتَاءُ الزَّكَاةِ وَصِيَامُ رَمَضَانَ وَأَنْ تُعْطُوا مِنَ الْمَغْنَمِ الْخُمُسَ

"আব্দুল কায়েস গোত্রের প্রতিনিধিদল যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর নিকট আগমণ করল, তখন তিনি তাদেরকে বললেনঃ আমি তোমাদেরকে এক আল্লাহর প্রতি ঈমান আনয়নের নির্দেশ দিচ্ছি। তারপর তিনি বললেনঃ "এক আল্লাহর প্রতি ঈমান কাকে বলে তোমরা কি জান? তারা বললঃ আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন। তিনি বললেনঃ এক আল্লাহর প্রতি ঈমানের অর্থ হল এ সাক্ষ্ম দেয়া যে, আল্লাহ ছাড়া সত্য কোন উপাস্য নেই। তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল। নামায কায়েম করা, যাকাত আদায় করা, রামাযানের রোযা রাখা এবং গণীমতের মালের এক পঞ্চমাংশ প্রদান করা"।[1]

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2062

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন